



স্মারক নং-০৫.৪৩.৮১০০.০১৭.১১.০৫৬.২১.০৪

তারিখ: ১৮ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
০২ জানুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ

গণবিজ্ঞপ্তি

বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়ের ২৪ ডিসেম্বর ২০২৩ খ্রি. তারিখের ১৭.০০.০০০০. ০৩৪.০৩৬.০১৮.২৩-৮৩০ নং পত্রের নির্দেশনা মোতাবেক জানানো যাচ্ছে যে, আগামী ০৭ জানুয়ারি ২০২৪ খ্রি. তারিখ দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে। নির্বাচনি এলাকায় ভোট গ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ০৬ জানুয়ারি ২০২৪ খ্রি. তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০টা হতে ০৭ জানুয়ারি ২০২৪ খ্রি. তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০টা পর্যন্ত (১) ট্যাক্সি ক্যাব (২) পিকআপ (৩) মাইক্রোবাস (৪) ট্রাক চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।

(২) একই সাথে ০৫ জানুয়ারি ২০২৪ খ্রি. তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০টা হতে ০৮ জানুয়ারি ২০২৪ খ্রি. তারিখ মধ্যরাত ১২:০০টা পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।

(৩) রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে নির্বাচনের প্রতিদ্বন্দ্বী প্রার্থী, প্রার্থীর নির্বাচনি এজেন্ট, সাংবাদিক, দেশি/বিদেশি পর্যবেক্ষকদের (নিয়োগ পত্র/পরিচয়পত্র থাকা সাপেক্ষে) ক্ষেত্রে শিথিল যোগ্য। নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরী কাজ যেমন এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত যানবাহন চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। জাতীয় মহাসড়ক এর ক্ষেত্রে এই নিষেধাজ্ঞা শিথিল থাকবে।


০২/০১/২০২৪
শামীম আহমেদ

জেলা প্রশাসক রাজশাহী

ও

রিটার্নিং অফিসার

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন

ফোন নং-০২৫৮৮৮৫৭০৫০ (অফিস)


ইমেইল: dcrajshahi@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৮১০০.০১৭.১১.০৫৬.২১.০৪

তারিখ: ১৮ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
০২ জানুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে /জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সচিব, সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রণালয়, ঢাকা
৩. সচিব, বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা
৪. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
৫. উপমহাপুলিশ পরিদর্শক, রাজশাহী রেঞ্জ, রাজশাহী
৬. পুলিশ কমিশনার, রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী
৭. পুলিশ সুপার, রাজশাহী
৮. সিনিয়র জেলা নির্বাচন অফিসার, রাজশাহী
৮. উপজেলা নির্বাহী অফিসার (সকল) রাজশাহী
০৯. উপ-পরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, রাজশাহী (আদেশটি মাইকে বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১০. আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, রাজশাহী (আদেশটি বেতারে বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১১. সহকারী পরিচালক (ইঞ্জিঃ), বিআরটিএ, রাজশাহী
১২. সভাপতি/সম্পাদক, রাজশাহী প্রেস ক্লাব/মেট্রোপলিটন প্রেস ক্লাব/সিটি প্রেস ক্লাব, রাজশাহী (নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)
১৩. সম্পাদক, দৈনিক নতুন প্রভাত/দৈনিক সোনালী সংবাদ/দৈনিক সানশাইন/দৈনিক সোনার দেশ/দৈনিক রাজশাহীর আলো, রাজশাহী (আদেশটি প্রেস বিজ্ঞপ্তি আকারে তার পত্রিকায় প্রকাশের অনুরোধসহ)


০২/০১/২০২৪
জেলা প্রশাসক রাজশাহী

ও

রিটার্নিং অফিসার

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন